◆◆ Heat setting ◆◆

◆◆ Heat setting কাকে বলে?

যে প্রক্রিয়ার মাধ্যমে তাপ প্রদান করে ফাইবার, ইয়ার্ন, ফেব্রিক বা garments কে Dimensional stability প্রদান করে তাকে heat setting বলে।
এছাড়াও এ প্রক্রিয়ায় শুস্ক বা আর্দ্র অবস্থায় তন্তু, সুতা, ফিলামেন্ট, কাপড় বা পোষাক কে ক্রমাগত তাপ প্রদান করা হয়। ফলে এটি stability অর্জন করে।

◆◆ Heat setting এর স্তর বা প্রকারভেদ :

১। অস্থায়ী সেট।
২। অর্ধ-স্থায়ী সেট।
৩। স্থায়ী সেট।

◆◆ Heat setting er সুবিধা:

১। আয়তন স্থায়িত্ব।
২। ভাজ করার সহ্য ক্ষমতা থাকে।
৩। শক্তি বৃদ্ধি পায়।
৪। নমনীয় হয়।
৫। প্রসারন ক্ষমতা বৃদ্ধি পায়।
৬। রেসিলিয়েন্সি থাকে।
৭। শুস্ক ধারন ক্ষমতা থাকে।
৮। ইলাস্টিসিটি থাকে।
৯। তাপ পরিবাহী হয়।

◆◆ Heat setting এর অসুবিধা :

১। তন্তু গুলো শক্ত হয়ে যায়।
২। স্বচ্ছতা বৃদ্ধি পায়।
৩। তন্তুর ছোপ কমে যায়।

◆◆ Heat setting কখন এবং কিভাবে করতে হয়?

কাপড়ে যদি ইলাস্টিক ফাইবার থাকে বা স্পানডেক্স (spandex) বা লাইক্রা থাকে তবে সেই কাপড়কে হিট সেট করতে হবে। এছাড়াও নীট কাপড় ১৯০ ডিগ্রি তে গ্রে অবস্থায় হিট সেট করতে হয়। ১৯০ডিগ্রি তাপমাত্রায় ওভেন কাপড় মার্সারাইজ করার আগে ব্লিচিং করার পর হিট সেট করতে হয়।

তা না হলে ডাইং এর পর কাপড় এর ক্রিজ ঠিক হবে না। আর কাপড় এর Width ও কমে যাবে। হিট সেট এর মেইন ফেক্টর হলো Width।
যেমন : নীট এর ক্ষেত্রে Require Width এর চেয়ে ৪-৫ ইঞ্চি বেশি করে হিট সেট করতে হয় । ওভেন এর জন্য ২ ইঞ্চি প্লাস করে হিট সেট করতে হয়।

◆◆ Heat Set বা হিট সেটিং করা কাপড় বোঝার উপায়:

ফেব্রিকগুলি অতি মাত্রায় হলদে হবে, ঘ্রাণ হবে বেকারির সদ্য ভাজা বিস্কুট এর মতো। তবে ১৯০ ডিগ্রি তাপমাত্রায় ব্লিচ করার পর এই হলদে ভাব থাকে না। ফেব্রিকে এই হিট সেটিং অনেক গুরুত্বপূর্ণ বিষয়।